BANGLADESH GARMENT MANUFACTURERS
& EXPORTERS ASSOCIATION (BGMEA)
"Made in Bangladesh with Pride"
BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector # 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref:

বিজ্ঞপ্তি নং- বিজিএ/হেলথ/২০২২/১৩২ তারিখ ঃ ২৯ জুন, ২০২২

## "সকল সম্মানিত সদস্যের জন্য"

**বিষয়ঃ করোনা ভাইরাস রোধকল্পে সবাইকে স্বাস্থ্যবিধি ও নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

আস্‌সালামু আলাইকুম।

উপর্যুক্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা কর্তৃক জারীকৃত পত্রসমূহের অনুলিপি আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

কোভিড-১৯ রোধকল্পে অতীতের মত আবারও আপনাদের সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য।

ধন্যবাদান্তে,

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

অনুলিপি ঃ

১। পিএস টু প্রেসিডেন্ট, বিজিএমইএ।
২। পিএস টু অফিস বেয়ারার, বিজিএমইএ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

জরুরি
অতি গোপনীয়

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.৩১২

তারিখ: ১৪ আষাঢ়, ১৪২৯
২৮ জুন ২০২২

বিষয়: **কোভিড-১৯ জাতীয় কারিগরি পরামর্শক কমিটির সুপারিশ বাস্তবায়ন।**

সূত্র: (১) স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নম্বর: ৪৫.১৭০.০০১.০০.০০.০০৫.২০২০/১০৩ তারিখ: ২২ জুন ২০২২
(২) স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মহোদয়ের আধা-সরকারি নম্বর: ৪৫.১৭০.০০১.০০.০০.০০২.২০২০.১২১ তারিখ: ২৩ জুন ২০২২

সাম্প্রতিক কালে সারাদেশে কোভিড-১৯ আক্রান্তের হার দ্রুত গতিতে বৃদ্ধি পাচ্ছে ও জনগণের মধ্যে মাস্ক পরিধান এবং স্বাস্থ্যবিধি অনুসরণে যথেষ্ট শৈথিল্য পরিলক্ষিত হচ্ছে মর্মে সরকারের উচ্চ মহলে আলোচনা হচ্ছে। কোভিড-১৯ জাতীয় কারিগরি পরামর্শক কমিটির বিগত ১৪.০৬.২০২২ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সুপারিশ প্রতিপালনের জন্য এবং কোভিড প্রতিরোধকল্পে নিম্নোক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

| | |
|---|---|
| ক) | স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য জনসাধারণকে উদ্বুদ্ধ করতে সকল প্রকার গণমাধ্যমে অনুরোধ জানাতে হবে; |
| খ) | সকল ক্ষেত্রে মাস্ক পরা বাধ্যতামূলক করা, "নো মাস্ক নো সার্ভিস" নীতি প্রয়োগ করা, সামাজিক দূরত্ব বজায় রাখা, জনসমাগম যথাসম্ভব বর্জন করতে হবে; |
| গ) | ধর্মীয় প্রার্থনার স্থানসমূহে (যেমন-মসজিদ, মন্দির, গির্জা ইত্যাদি) মাস্ক পরা ও সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে; |
| ঘ) | জ্বর, সর্দি, কাশি বা কোভিড-১৯-এর উপসর্গ দেখা দিলে কোভিড টেষ্ট করার জন্য উদ্বুদ্ধ করতে হবে; |
| ঙ) | দোকান, শপিংমল, বাজার, ক্রেতা-বিক্রেতা, হোটেল-রেস্টুরেন্ট সবাইকে বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান করতে হবে। অন্যথায় তাকে আইনানুগ শাস্তির সম্মুখীন হতে হবে; এবং |
| চ) | স্বাস্থ্যবিধি প্রতিপালন এবং মাস্ক পরিধানের বিষয়ে সকল মসজিদে জুমার নামাজে খুতবায় ইমামগণ সংশ্লিষ্টদের সচেতন করবেন। |

০২। উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮-৬-২০২২
মোহাম্মদ খোরশেদ আলম খান
উপসচিব
ফোন: ০২২২৩৩৮১১০৭
ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩
ইমেইল: faco_sec@cabinet.gov.bd

বিতরণ :
১) সিনিয়র সচিব/সচিব (সকল)/প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ
২) বিভাগীয় কমিশনার (সকল)

**অতীব জরুরি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০১৫.৯১.২১-১৫৫

তারিখ: ১৪ আষাঢ় ১৪২৯
২৮ জুন ২০২২

**বিষয়: করোনা সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা বাস্তবায়ন।**

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং: ০৪.০০.০০০০.৩২১.১৬.০০২.২২.১০২ তারিখ: ২৬ জুন ২০২২ ।

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে জানানো যাচ্ছে যে "করোনা সংক্রমণের হার পুনরায় বৃদ্ধির পরিপ্রেক্ষিতে এর সংক্রমণ রোধে জনসচেতনতা বৃদ্ধি, সরকার ঘোষিত স্বাস্থ্য বিধি অনুসরণ এবং 'নো মাস্ক-নো সার্ভিস' যথাযথভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোহাম্মদ গোলাম আজম)
উপসচিব
ফোনঃ ০২২২৩৩৮০৭৮৭
E-mail-sas.admin2@moi.gov.bd

**প্রাপক (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১ ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা, ঢাকা।
২. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
৪. মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
৫ মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা
৬. মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
৭ মহাপরিচালক, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ, ঢাকা।
৮. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা।
৯. প্রধান নির্বাহী , বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, ঢাকা।
১০ মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
১১ মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
১২. সচিব, বাংলাদেশ প্রেস কাউন্সিল, ঢাকা।
১৩. ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা।
১৪ সচিব, তথ্য কমিশন, আগারগাঁও, ঢাকা।
১৫ সকল শাখা/ অধিশাখা তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
১৬. সহকারী প্রোগ্রামার, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

অতি জরুরি
ই-মেইল/বিশেষ বাহক মারফত

স্মারক নম্বর-১৬.০০.০০০০.০০১.২১.০০৩.২০২০ (অংশ-১)/১০৫ তারিখ: ১৪ আষাঢ়, ১৪২৯ / ২৮ জুন ২০২২

## জরুরি বিজ্ঞপ্তি

করোনা ভাইরাস প্রাদুর্ভাবজনিত কারণে সারাদেশে করোনায় আক্রান্তের হার দ্রুত গতিতে বৃদ্ধি পাওয়ায় বর্তমান পরিস্থিতি বিবেচনায় স্বাস্থ্য সেবা বিভাগের ২৬/০৬/২০২২ খ্রি. তারিখের ডি.ও পত্রে কতিপয় বিধি-নিষেধ আরোপ করে নির্দেশনা জারি করা হয়েছে।

০২। তৎপ্রেক্ষিতে দেশের বর্তমান প্রেক্ষাপটে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সকল ধর্মের ধর্মীয় প্রতিষ্ঠান এবং মসজিদসমূহে জামায়াতের নামাজের জন্য আবশ্যিকভাবে নিম্নবর্ণিত শর্তসমূহ পালনের জন্য অনুরোধ করা হলো:

১. মসজিদের প্রবেশদ্বারে হ্যান্ড স্যানিটাইজার/হাত ধোয়ার ব্যবস্থাসহ সাবান-পানি রাখতে হবে এবং আগত মুসল্লীদের-কে অবশ্যই মাস্ক পরে মসজিদে আসতে হবে;

২. প্রত্যেককে নিজ নিজ বাসা থেকে ওযু করে, সুন্নাত নামাজ ঘরে আদায় করে মসজিদে আসতে হবে এবং ওজু করার সময় কমপক্ষে ২০ সেকেন্ড সাবান দিয়ে হাত ধুতে হবে;

৩. মসজিদে কার্পেট বিছানো যাবে না। পাঁচ ওয়াক্ত নামাজের পূর্বে সম্পূর্ণ মসজিদ জীবানুনাশক দ্বারা পরিস্কার করতে হবে, মুসল্লীগণ প্রত্যেকে নিজ নিজ দায়িত্বে জায়নামাজ নিয়ে আসতে হবে;

৪. কাতারে নামাজে দাঁড়ানোর ক্ষেত্রে সামাজিক দূরত্ব নিশ্চিত করতে হবে;

৫. শিশু, বয়বৃদ্ধ, যে কোন অসুস্থ ব্যক্তি এবং অসুস্থদের সেবায় নিয়োজিত ব্যক্তি জামায়াতে অংশগ্রহণ করা হতে বিরত থাকবে;

৬. সংক্রমণ রোধ নিশ্চিতকল্পে মসজিদের ওযুখানায় সাবান/হ্যান্ড স্যানিটাইজার রাখতে হবে। মসজিদে সংরক্ষিত জায়নামাজ ও টুপি ব্যবহার করা যাবে না;

৭. সর্বসাধারণের সুরক্ষা নিশ্চিতকল্পে, মন্ত্রিপরিষদ বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্থানীয় প্রশাসন এবং আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণকারী বাহিনীর নির্দেশনা অবশ্যই অনুসরণ করতে হবে;

৮. করোনা ভাইরাস মহামারি থেকে রক্ষা পাওয়ার জন্য নামাজ শেষে মহান রাব্বুল আলামিনের দরবারে খতিব, ইমাম ও মুসল্লীগণ দোয়া করবেন; এবং

৯. সম্মানিত খতিব, ইমাম এবং মসজিদ পরিচালনা কমিটি বিষয়গুলো বাস্তবায়ন নিশ্চিত করবেন।

৩। অন্যান্য সকল ধর্মীয় প্রতিষ্ঠান/উপাসনালয়ে প্রবেশের ক্ষেত্রে মাস্ক পরিধান, সামাজিক দূরত্ব বজায় রাখা, হ্যান্ড স্যানিটাইজার/সাবান দিয়ে হাত ধোয়াসহ ব্যবহারসহ স্বাস্থ্যবিধি ও শারিরীক দূরত্ব যথাযথভাবে অনুসরণ করবেন।

৪। উল্লিখিত নির্দেশনা লঙ্ঘিত হলে স্থানীয় প্রশাসন ও আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণকারী বাহিনী সংশ্লিষ্ট দায়িত্বশীলদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করবেন। প্রাণঘাতি করোনা ভাইরাস সংক্রমন রোধে স্থানীয় প্রশাসন, আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণকারী বাহিনী, ইসলামিক ফাউন্ডেশনের কর্মকর্তা-কর্মচারী এবং সংশ্লিষ্ট মসজিদের পরিচালনা কমিটিকে উল্লিখিত নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানানো হলো।

৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

২৮.০৬.২০২২
মোঃ সাখাওয়াৎ হোসেন
উপসচিব
ফোন-৯৫১৫৫৪৩
e-mail: moragovbd@gmail.com

**সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

৩৩. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৪. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩৫. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৬. সিনিয়র সচিব, .......................... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।